# Declaration

I declare that the thesis entitled "স্বপ্নময় চক্রবর্তীর উপন্যাস (১৯৯০-২০১৯) : জীবন জিজ্ঞাসার ভিন্ন স্বর অনুসন্ধান" has been prepared by me under the guidance of Dr. Manjula Bera, Professor of Bengali, Department of Bengali, University of North Bengal. No part of this thesis has formed the basis for the award of any degree or fellowship previously.

Date : 10|02|2022

Sharmishtha Paul

(Sharmishtha Paul)
Department of Bengali
University of North Bengal

Scanned by CamScanner

ACCREDITED BY NAAC WITH GRADE 'A'

ENLIGHTENMENT TO PERFECTION

# বাংলা বিভাগ

উ ত্ত র ব ঙ্গ বি শ্ব বি দ্যা ল য়

E-mail: dept.bengalinbu@gmail.com
Ph : 0353-2580169

রাজা রামমোহনপুর, ডাকঘর - উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়, থানা - মাটিগাড়া, মহকুমা - শিলিগুড়ি, জেলা- দার্জিলিং - ৭৩৪০১৩, পশ্চিমবঙ্গ, ভারতবর্ষ

পত্র সংখ্যা..................................... তারিখ.................. ২০........

## Certificate

I certify that Smt. Sharmishtha Paul has prepared the thesis entitled "স্বপ্নময় চক্রবর্তীর উপন্যাস (১৯৯০-২০১৯) : জীবন জিজ্ঞাসার ভিন্ন স্বর অনুসন্ধান" for the award of Ph.D. degree of the University of North Bengal, under my guidance. She has carried out the work of the Department of Bengali, University of North Bengal.

Date: 10/02/2022

Manjula Bera

(DR. MANJULA BERA)
Professor of Bengali
Department of Bengali
University of North Bengal

Professor
Department of Bengali
University of North Bengal

Scanned by CamScanner

ACCREDITED BY NAAC WITH GRADE 'A'

ENLIGHTENMENT TO PERFECTION

বাংলা বিভাগ

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়

E-mail: dept.bengalinbu@gmail.com
Ph.: 0353-2580189

রাজা রামমোহনপুর, ডাকঘর - উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়, থানা - মাটিগাড়া, মহকুমা - শিলিগুড়ি, জেলা- দার্জিলিং - ৭৩৪০১৩, পশ্চিমবঙ্গ, ভারতবর্ষ

পত্র সংখ্যা..............................

তারিখ.................. ২০.........

## কুম্ভীলকবৃত্তি প্রতিরোধী শংসাপত্র

আমি শ্রীমতী শর্মিষ্ঠা পাল, (Registration No. Ph.D/Beng.(1294)/714/R-2020) উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড. মঞ্জুলা বেরা মহাশয়ার তত্ত্বাবধানে **"স্বপ্নময় চক্রবর্তীর উপন্যাস (১৯৯০-২০১৯) : জীবন জিজ্ঞাসার ভিন্ন স্বর অনুসন্ধান"** শিরোনামে পিএইচ.ডি. গবেষণা কর্মটি সুসম্পন্ন করেছি। আমার বিষয়কেন্দ্রিক সর্বোত্তম জ্ঞান এবং ধারণা অনুযায়ী স্বীকার করছি যে, উক্ত গবেষণা কর্মে কোনরূপ কুম্ভীলকবৃত্তির আশ্রয় গ্রহণ করিনি।

মঞ্জুলা বেরা ১০/০২/২০২২

(অধ্যাপক ড. মঞ্জুলা বেরা)
তত্ত্বাবধায়ক ও অধ্যাপক
বাংলা বিভাগ, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়
রাজারামমোহনপুর, দার্জিলিং
ডাক সূচক-৭৩৪০১৩

Professor
Department of Bengali
University of North Bengal

শর্মিষ্ঠা পাল ১০/02/2022

(শর্মিষ্ঠা পাল )
গবেষক, বাংলা বিভাগ
উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়

Scanned by CamScanner

## ument Information

| | |
|---|---|
| ıalyzed document | Sharmishtha Paul Bengali pdf (D127219444) |
| Submitted | 2022-02-07T07:39:00.0000000 |
| Submitted by | University of North Bengal |
| Submitter email | nbuplg@nbu.ac.in |
| Similarity | 0% |
| Analysis address | nbuplg.nbu@analysis.urkund.com |

## ces included in the report

| | |
|---|---|
| URL: https://ir.nbu.ac.in/bitstream/123456789/2821/18/Full%20thesis%20of%20Aninda%20Ghosh.pd f<br>Fetched: 2021-08-13T14:28:05.0870000 | 2 |
| URL: http://ekdin-epaper.com/media/2021-06/ekdin20.pdf<br>Fetched: 2022-01-03T10:43:30.1670000 | 1 |
| URL: https://www.caluniv.ac.in/cbcs-pg/pg-files/Bengali-10-11-18.pdf<br>Fetched: 2021-08-05T07:48:26.4970000 | 1 |
| URL: http://www.hindusamhati.com/SS201810.pdf<br>Fetched: 2022-01-03T10:42:46.7870000 | 1 |

Manjula Bera
10/02/2022

Professor
Department of Bengali
University of North Bengal

Sharmishtha Paul
10/02/2022



Scanned by CamScanner

# মুখবন্ধ

আমার গবেষণার বিষয় ‘স্বপ্নময় চক্রবর্তীর উপন্যাস (১৯৯০-২০১৯) : জীবন জিজ্ঞাসার ভিন্ন স্বর অনুসন্ধান’। অভিসন্দর্ভটির প্রেক্ষিতে কিছু কথা বলা আবশ্যক। স্নাতকোত্তর স্তরে (২০১০-২০১২) উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগার আমার সাহিত্যপিপাসাকে গভীর করে তোলে। এই গ্রন্থাগারেই প্রথম স্বপ্নময় চক্রবর্তীর গল্পের সঙ্গে আমার পরিচয় হয়। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে এম.ফিল কোর্স করার সময় বাংলা বিভাগের অধ্যাপক ড. মঞ্জুলা বেরা মহাশয়ার তত্ত্বাবধানে স্বপ্নময় চক্রবর্তীর গল্প নিয়ে ডিসার্টেশন পত্র জমা দিই। গল্প নিয়ে কাজ করার সময় গল্পকার স্বপ্নময় চক্রবর্তীর জীবন-চর্যার বহুমাত্রিক দিকটিকে লক্ষ রেখে বিশ্লেষণের চেষ্টা করা হয়েছিল। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে ২০১৯ সালে গবেষণা কর্মে যোগদান করি। কোর্সওয়ার্ক চলাকালীন আমার তত্ত্বাবধায়ক অধ্যাপক ড. মঞ্জুলাবেরা মহাশয়ার পরামর্শক্রমে স্বপ্নময় চক্রবর্তীর উপন্যাস নিয়ে কাজ করবার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তত্ত্বাবধায়কের নির্দেশানুক্রমে উপন্যাসগুলি পুনঃপাঠ করতে থাকি। উপন্যাসের মধ্যে ভিন্ন মাত্রার চরিত্রের ভিন্ন জীবন জিজ্ঞাসার দিকটি আমার সামনে উপস্থিত হয়। এরপর উপন্যাসের গভীরে প্রবেশ করে চরিত্রগুলির বিশেষত্বকে অন্বেষণ করতে শুরু করি। তত্ত্বাবধায়কের পরামর্শ অনুযায়ী তথ্য সংগ্রহের মাধ্যমে গবেষণার আঙ্গিক পরিকল্পনা করে শিরোনাম নির্বাচন করা হয়।

গবেষণাকর্মে অনুপ্রবেশের প্রাথমিক পর্যায়ে জানতে পারি এযাবৎ স্বপ্নময় চক্রবর্তীর উপন্যাস নিয়ে কোনো গবেষণামূলক কাজ হয়নি। তবে আসাম বিশ্ববিদ্যালয় থেকে ছোটগল্প নিয়ে কাজ হয়েছে। ‘পথ সাহিত্য পত্রিকা’ স্বপ্নময় চক্রবর্তী সংখ্যা প্রকাশ করেছে। ‘স্বপ্নময় চক্রবর্তীর কথাসেলাই পাঠকের নকশিকথা’ নামে কথাসাহিত্যিক স্বপ্নময় চক্রবর্তীর সাহিত্য নিয়ে একটি সম্পাদিত গ্রন্থ প্রকাশিত হয়েছে। এছাড়া স্বপ্নময় চক্রবর্তীর গল্প নিয়ে বহু মনন সমৃদ্ধ আলোচনা সাহিত্য সমালোচনার পাতায় স্থান করে নিলেও কথাসাহিত্যিক স্বপ্নময় চক্রবর্তীর ঔপন্যাসিক সত্তার অনুসন্ধান অনুপস্থিত। ফলে আমার উৎসাহের মাত্রা বৃদ্ধি পায়। গবেষণা কর্মটি সম্পাদন করতে গিয়ে আমরা কিছু প্রশ্নের সম্মুখীন হয়েছি এবং সেসব প্রশ্নের উত্তর খোঁজার চেষ্টা করেছি। গবেষণা কর্মে আমার পর্যবেক্ষণগুলিকে পরপর এই ভাবে উপস্থাপন করা যেতে পারে — **ক.** সাহিত্যিক স্বপ্নময় চক্রবর্তী উপন্যাস রচনায় পদার্পণ করার প্রেক্ষাপট ও প্রেরণার উত্তর খোঁজা। **খ.** কোন সময়ের প্রেক্ষিতে স্বপ্নময় চক্রবর্তী উপন্যাস রচনা করলেন তা দেখা। **গ.** মানব জীবনের কোন দিকগুলিকে তিনি উপন্যাসে বেছে নিলেন তা অনুসন্ধান করা। **ঘ.** বিশ্বায়নের প্রভাব তাঁর উপন্যাসের মানব চরিত্রে কীভাবে পরিস্ফুট হয়েছে তা বিচার করা। **ঙ.** সামাজিক-সাংস্কৃতিক- রাজনৈতিক দিকের পরিবর্তনে

মানুষের জীবনযাত্রা কীভাবে পরিবর্তিত হয়েছে, তার ছায়াপাত উপন্যাসের চরিত্রকে কতটা প্রভাবিত করেছে তা দেখা। **চ.** নারী-পুরুষের দাম্পত্য সম্পর্কের ভিত্তি নির্মাণে স্বপ্নময় চক্রবর্তীর অন্বেষণের মাত্রা নিরূপণ করা। **ছ.** নারী-পুরুষের সমাজ নির্ধারিত চিরাচরিত পরিচিতির বাইরের মানুষগুলির অস্তিত্ব সংকট নিয়ে ঔপন্যাসিক স্বপ্নময় চক্রবর্তী কোন ভাবনায় উপনীত হয়েছেন তা নির্মাণ করা। **জ.** বিজ্ঞান গবেষণা-চিকিৎসা বিজ্ঞানের দৌরাত্ম-সংকট-অন্ধবিশ্বাসের বশবর্তী হয়ে মানব চরিত্র যে প্রশ্ন চিহ্নের সম্মুখীন হয় তার রূপ নির্মাণ করা। উক্ত পর্যবেক্ষণ নিয়ে গবেষণা অভিসন্দর্ভ রচনায় মনোনিবেশ করার সময় ব্যাখ্যামূলক ও বর্ণনামূলক আঙ্গিকে সামগ্রিক কর্মটিকে রূপদানের চেষ্টা করা হয়েছে।

আমার গবেষণা অভিসন্দর্ভটি সামগ্রিক রূপ দানে সব সময় উৎসাহ, সুপরামর্শ পরিবর্তন, পরিমার্জন এবং মূল্যবান  অভিমত দিয়ে সাহায্য করেছেন আমার তত্ত্বাবধায়ক শ্রদ্ধেয় অধ্যাপক ড. মঞ্জুলা বেরা মহাশয়া। তাঁর নিরন্তর উৎসাহ দান আমাকে সমৃদ্ধ করেছে। তাঁকে আমি আন্তরিক শ্রদ্ধা এবং প্রণাম জানাই। গবেষণা কর্মের অগ্রগতির জন্য নিরন্তর উৎসাহ দিয়েছেন বিভাগীয় প্রধান অধ্যাপক ড. উৎপল মণ্ডল মহাশয়। তাঁকে আমি শ্রদ্ধাসহ প্রণাম জানাই। প্রণাম জানাই গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ের স্বর্গীয় অধ্যাপক ড. বিকাশ রায় মহাশয়কে। তিনি জীবিত থাকাকালীন নানা ভাবে আমাকে সুপরামর্শ এবং উৎসাহ দিয়ে গিয়েছেন। প্রণাম জানাই আমার শুভচিন্তক মাস্টারমশাই স্বর্গীয় গোপালচন্দ্র মণ্ডল মহাশয়কে। তিনি আমার গবেষণাকর্মের মধ্য দিয়ে নিজের সাধপূরণ করতে চেয়েছিলেন। এবারে অনেক ধন্যবাদ জানাই সাহিত্যিক স্বপ্নময় চক্রবর্তীকে। আমি বহুবার ফোন করে, এস এম এস এবং সোসালমিডিয়ার মাধ্যমে তাঁর কাছ থেকে তথ্য সংগ্রহ করেছি। তিনি বিরক্ত না হয়ে আমাকে নানাভাবে সাহায্য করেছেন। এমনকি সাক্ষাৎকার নেওয়ার সময়েও আমার প্রতিটি প্রশ্নের বিস্তারিত উত্তর দিয়েছেন। পাঠককে আরও লেখা উপহার দেওয়ার জন্য তাঁকে উৎসাহ দিই এবং ঈশ্বরের কাছে তাঁর দীর্ঘায়ু কামনা করি। তাঁর প্রতি রইল আমার শ্রদ্ধা এবং শুভেচ্ছা।

বিনম্র শ্রদ্ধাযুক্ত প্রণাম জানাই আমার মা-বাবা এবং শ্বশুরমশাই এবং শাশুড়িমাকে। যাঁরা আমাকে নিরন্তর উৎসাহ দিয়েছেন। আর প্রতিনিয়ত যে মানুষটি আমার সঙ্গে উপন্যাস নিয়ে আলোচনা করা, তথ্য সংগ্রহে সাহায্য করা, বারবার কলেজ স্ট্রিট য়াওয়া, প্রুফ সংশোধন করা, ভাবনার ভুল ধরিয়ে দেওয়ার কাজ করেছে, সে আমার সঙ্গীবন্ধু প্রতাপ। তার প্রতি রইল আমার শুভচিন্তা এবং শুভকামনা।

অবশেষে ধন্যবাদ জানাই উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারকে। কোভিড পরিস্থিতির মধ্যেও গ্রন্থাগারিক এবং অন্যান্য কর্মীরা আমাকে যেভাবে সাহায্য করেছেন তার জন্য আমি কৃতজ্ঞ। তাঁদের

ধন্যবাদ জানাই। এছাড়া শিলিগুড়ি এবং মালদার কিছু গ্রন্থাগারকর্মীদের ধন্যবাদ জানাই। নানাভাবে আমি এই জায়গাগুলি থেকে সাহায্য পেয়েছি। আমার সামগ্রিক তথ্য সংগ্রহের মাধ্যম অনলাইন ন্যাশনাল লাইব্রেরি, আধুনিক প্রযুক্তিবিদ্যার মাধ্যম 'গুগুলসার্চ', 'গুগুলবুক', এবং শোধগঙ্গাকে আমি ধন্যবাদ জানাই। আমার গবেষণাকর্মের মুদ্রণে সহযোগিতা করার জন্য ধন্যবাদ জানাই বন্ধু প্রতিম সুজিত রায়কে। সংশ্লিষ্ট সকল শ্রদ্ধেয় সুধীজনকে আমার শ্রদ্ধাযুক্ত প্রণাম।

অস্মিতা পাল
১০/০২/২০২২

তাং:

রাজা রামমোহনপুর

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়

শিলিগুড়ি

স্বাক্ষর